BIGM

BIGM-SICIP Program

Finance Division, Ministry of Finance

সচিবের দপ্তর
পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়
অতিরিক্ত সচিব-প্রশাসন/সমন্বয় ও আইন/পরিকল্পনা/এনইসি ও একনেক
যুগ্মসচিব-প্রশাসন,সমন্বয় ও আইন/পরিকল্পনা ও প্রশিক্ষণ
মাননীয় উপদেষ্টার পি.এস/সচিবের পি.এস
ডাইরী নং- ৬৫০৫
তারিখঃ ২৩/০৯/২৬ স্বাক্ষরঃ

পত্র সংখ্যা: বিআইজিএম/এসআইসিআইপি/প্র-১/২০২৪-২০২৮/২০২৬-৪১৭

তারিখ: ৬ আশ্বিন ১৪৩৩
২১ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: Rise to Lead: Developing Future Leaders শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ৪র্থ ব্যাচের জন্য কর্মকর্তা মনোনয়ন।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের অর্থায়নে Skills for Industry Competitiveness and Innovation Program (SICIP) প্রকল্পের আওতায় Bangladesh Institute of Governance and Management (BIGM)-এ Rise to Lead: Developing Future Leaders কোর্সের **৪র্থ ব্যাচের প্রশিক্ষণ আগামী ৩১ শে অক্টোবর ২০২৬** হতে শুরু হতে যাচ্ছে।

২। প্রশিক্ষণ কোর্সটির মেয়াদ ৩ (তিন) সপ্তাহ। উক্ত সময়ে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদেরকে বিভিন্ন মন্ত্রণালয়/অধিদপ্তর/বিভাগ/প্রতিষ্ঠানের দীর্ঘ-মেয়াদি লক্ষ্য অর্জনের জন্য গতিশীল, ইতিবাচক, কার্যকরী, সংস্কারমুখী, এবং দূরদর্শী নেতৃত্বের বিভিন্ন দিক সম্পর্কে ধারণা দেওয়া হবে। প্রশিক্ষণলব্ধ জ্ঞান ও দক্ষতা ব্যবহার করে প্রত্যেক প্রশিক্ষণার্থী নির্দিষ্ট একটি ইস্যুর উপর "Problem Solving Strategy" প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপন করবেন এবং অভিজ্ঞ প্যানেল সদস্যবৃন্দ প্রতিবেদনটি মূল্যায়ন করবেন। এই প্রতিবেদনটির গুণগত মান ও ক্লাস অধিবেশনে অংশগ্রহণের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাকে মূল্যায়ন করা হবে। এখানে উল্লেখ্যঃ

ক) উক্ত কোর্সে সিনিয়র সহকারী সচিব, উপসচিব ও যুগ্মসচিব পর্যায়ের বিসিএস ক্যাডারভুক্ত ও সমপর্যায়ের কমকর্তাগণ (বয়স ৩০ হতে অনূর্ধ্ব ৫২ বছর) আবেদন করতে পারবেন।

খ) Rise to Lead: Developing Future Leaders কোর্সের প্রত্যেক ব্যাচে BIGM-এ অনুষ্ঠিত Policy Analysis, Strategic Management, এবং Sustainable Future: Environmental Challenges and Climate Change কোর্স তিনটির মধ্য হতে যে কোন একটি কোর্সে অংশগ্রহণকারী সর্বোচ্চ ৫০ শতাংশ প্রশিক্ষণার্থী অংশগ্রহণের সুযোগ পাবেন।

গ) কোর্সটি সপ্তাহে ০৫ (পাঁচ) দিন শনি-বুধবার সকাল ৯:০০ থেকে বিকাল ৫:০০ টা পর্যন্ত নির্ধারিত পাঠ পরিকল্পনা অনুযায়ী চলবে।

ঘ) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রতি কর্মদিবসে যাতায়াত ভাতা হিসেবে ৬০০ টাকা করে প্রদান করা হবে এবং প্রশিক্ষণার্থীদের সকাল-বিকাল চা-চক্র ও দুপুরের খাবারের ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঙ) প্রশিক্ষণার্থী বা তাঁর প্রতিষ্ঠানকে কোন কোর্স ফি দিতে হবে না।

চ) মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণকালীন ৩ সপ্তাহ BIGM-এ সংযুক্ত থাকবেন।

৩। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইটে (www.mopa.gov.bd) **গত ১৫ সেপ্টেম্বর ২০২৬ তারিখে "সর্বশেষ খবর"** শিরোনামের অধীন প্রকাশিত বিজ্ঞপ্তিতে উক্ত কোর্সে আবেদনের বিস্তারিত তথ্যাদি জানা যাবে। এ সাথে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি ও আবেদন ফরম প্রেরণ করা হলো।

৪। দক্ষ মানবসম্পদ গড়ার মাধ্যমে প্রতিষ্ঠানের গতি সঞ্চারকল্পে আপনার মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/প্রতিষ্ঠানের উপযুক্ত কর্মকর্তাদের ৩১ **অক্টোবর ২০২৬** তারিখ হতে অনুষ্ঠেয় Rise to Lead: Developing Future Leaders শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ৪র্থ ব্যাচে অংশগ্রহণের জন্য মনোনয়ন প্রদানক্রমে তালিকা **আগামী ৮ অক্টোবর ২০২৬ তারিখের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে** প্রেরণ করার জন্য আপনাকে বিনীত অনুরোধ করছি। কোর্স সংক্রান্ত যে কোন প্রয়োজনে কোর্সের ডেপুটি প্রোগ্রাম ডিরেক্টর জনাব দেবাশিস দাশের (মোবাইল নং ০১৯৩২ ৬৯৮৪৭২) সাথে যোগাযোগ করা যাবে।

অতিরিক্ত সচিবের দপ্তর
পরিকল্পনা বিভাগ
ডায়েরী নং ১২২২
তারিখ ২৪/৯/২৬
অতিরিক্ত সচিব (প্রশাসন)
যুগ্মসচিব/উপসচিব (আইসিটি ও বাজেট)
যুগ্মসচিব/উপসচিব (গবেষণা ও প্রশিক্ষণ)
যুগ্মসচিব/উপসচিব (পরিকল্পনা ও এপিএ)
যুগ্মসচিব/উপসচিব (আইসি, একনেক ও সমন্বয়)
যুগ্মসচিব/উপসচিব (সমন্বয় ও আইন)
অনুবিভাগ

সংযুক্তিঃ আবেদন বিজ্ঞপ্তি ও আবেদন ফরম।

আপনার বিশ্বস্ত,

২৪/৯/২৬

২৪/৯/২০২৬

(ড. সুলতান আহমেদ)
পরিচালক
বিআইজিএম

সচিব
পরিকল্পনা বিভাগ
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

Bangladesh Institute of Governance and Management (BIGM)
E-33, Syed Mahbub Morshed Sarani, Agargaon, Sher-E-Bangla Nagar, Dhaka-1207
E-mail: bigm.sicip@bigm.edu.bd; Web: www.bigm.edu.bd; PABX: +88-02-223374040-44; Extn: 127, 159

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিপিটি অনুবিভাগ
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-০৩ শাখা
www.mopa.gov.bd



নম্বর-০৫.০০.০০০০.০০০.২০৩.৯৯.০০২.২৫-১৬৮

তারিখ: ৩১ ভাদ্র ১৪৩৩ / ১৫ সেপ্টেম্বর ২০২৬

বিজ্ঞপ্তি

বিষয় : অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের অর্থায়নে Skill for Industry Competitiveness and Innovation Program (SICIP) প্রকল্পের আওতায় বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট (বিআইজিএম) কর্তৃক আয়োজিত 'Rise to Lead: Developing Future Leaders' শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ৪র্থ ব্যাচে প্রশিক্ষণার্থী মনোনয়ন।

অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের অর্থায়নে 'Skill for Industry Competitiveness and Innovation Program (SICIP)' প্রকল্পের আওতায় বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট (বিআইজিএম) কর্তৃক আয়োজিত 'Rise to Lead: Developing Future Leaders' শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ৪র্থ ব্যাচে আগামী ৩১ অক্টোবর ২০২৬ হতে বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট (বিআইজিএম) ই-৩৩, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকাতে অনুষ্ঠিত হবে। বর্ণিত প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষনার্থী মনোনয়নের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর, দপ্তর এবং অন্যান্য সরকারী প্রতিষ্ঠানের সিনিয়র সহকারী সচিব, উপসচিব এবং যুগ্মসচিব পর্যায়ের বিসিএস ক্যাডারভুক্ত ও সমপর্যায়ের কর্মকর্তাগণের তথ্য সংযুক্ত আবেদন ফরম পূরণপূর্বক আগামী ০৮.১০.২০২৬ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় {দৃ.আ. অতিরিক্ত সচিব (সিপিটি অনুবিভাগ), জনপ্রশাসন মন্ত্রণালয়} বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর সরাসরি/ডি-নথিতে/ই-মেইলে (it3@mopa.gov.bd) নির্ধারিত ফরমে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

০২। অনুষ্ঠিতব্য কোর্সটির মৌলিক তথ্যাদি নিম্নরূপ :

(ক)	উক্ত প্রশিক্ষণ কোর্সটিতে সিনিয়র সহকারী সচিব, উপসচিব এবং যুগ্মসচিব পর্যায়ের বিসিএস ক্যাডারভুক্ত ও সমপর্যায়ের কর্মকর্তাগণ (বয়সসীমা ৩০ বছর হতে অনূর্ধ্ব ৫২ বছর) আবেদন করতে পারবেন;
(খ)	কোর্সটির প্রত্যেক ব্যাচে BIGM-এ অনুষ্ঠিত 'Policy Analysis' অথবা 'Strategic Management' অথবা "Sustainable Future: Environmental Challenges and Climate Change"কোর্সের মধ্য হতে শুধুমাত্র যে কোন একটি কোর্সে অংশগ্রহণকারীর সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) শতাংশ প্রশিক্ষণার্থী অংশগ্রহণের সুযোগ পাবেন;
(গ)	প্রশিক্ষণ কোর্সটি সপ্তাহে ০৫ (পাঁচ) দিন শনিবার হতে বুধবার সকাল ৯.০০ টা থেকে বিকাল ০৫.০০ টা পর্যন্ত নির্ধারিত পাঠ পরিকল্পনা অনুযায়ী চলবে;
(ঘ)	'প্রত্যেক প্রশিক্ষণার্থী-কে প্রতি কর্মদিবসে যাতায়াত ভাতা বাবদ ৬০০ (ছয়শত) টাকা প্রদান করা হবে এবং প্রশিক্ষণার্থীদের সকাল-বিকাল চা-চক্র ও দুপুরের খাবারের ব্যবস্থা করা হবে;
(ঙ)	প্রশিক্ষণার্থী বা তাঁর প্রতিষ্ঠানকে কোন কোর্স ফি দিতে হবে না।
(চ)	মনোনীত কর্মকর্তাগণ/প্রশিক্ষণার্থীগণ প্রশিক্ষণকালীন ৩ (তিন) সপ্তাহ বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট (বিআইজিএম)-এ সংযুক্ত থাকবেন।

০৩। উল্লেখ্য যে, ইতঃপূর্বে যে সকল কর্মকর্তাগণ 'Rise to Lead: Developing Future Leaders' প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেছেন,তাঁদের আবেদন করার প্রয়োজন নেই।

১৫/০৯/২৬

(হাসান মূর্তাজা মাসুম)
যুগ্মসচিব
ফোন: ২২৬৬৪১১৩১
ইমেইল: it3@mopa.gov.bd

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

আবেদন ফরম

বরাবর

সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (ক্যারিয়ার প্ল্যানিং এন্ড ট্রেনিং), জনপ্রশাসন মন্ত্রণালয়।

মাধ্যম: যথাযথ কর্তৃপক্ষ।

বিষয়: Rise to Lead: Developing Future Leaders প্রশিক্ষণ কোর্সের ৪র্থ ব্যাচে মনোনয়নের আবেদন।

মহোদয়,

বিনীত নিবেদন এই যে, আমি Bangladesh Institute of Governance and Management (BIGM) কর্তৃক আয়োজিত Rise to Lead: Developing Future Leaders প্রশিক্ষণ কোর্সের ৪র্থ ব্যাচে অংশগ্রহণ করতে ইচ্ছুক। এ জন্য প্রয়োজনীয় তথ্য সদয় অবগতির জন্য পেশ করলাম:

১।	নাম, পরিচিতি নম্বর, পদবি ও কর্মস্থল	:	
২।	জন্ম তারিখ	:	
৩।	বয়স (৩১ অক্টোবর ২০২৬)	:	
৪।	চাকরিতে যোগদানের তারিখ	:	
৫।	ক্যাডারের নাম ও ব্যাচ	:	
৬।	সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার বিবরণ	:	
৭।	BIGM-এ অনুষ্ঠিত Policy Analysis/ Strategic Management/ Sustainable Future: Environmental Challenges and Climate Change কোর্সে অংশগ্রহণ করেছেন কিনা? অংশগ্রহণ করলে কোর্সের নাম ও ব্যাচ		
৮।	মোবাইল নম্বর	:	
৯।	ই-মেইল	:	

এমতাবস্থায়, আমাকে উক্ত কোর্সে অংশগ্রহণের সুযোগ প্রদানের জন্য বিনীত অনুরোধ করছি।

আপনার অনুগত

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ